চুয়াডাঙ্গায় দুটি আসনে বৈধ প্রার্থী ১৩, বাতিল ৭

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা দুটি আসনে মোট ২০জন প্রার্থীর মধ্যে ১৩ জনের মনোনয়ন বৈধতা এবং সাতজনের বিভিন্ন কারণে মনোনয়ন বাতিল করা হয়েছে ।

আজ সোমবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা রিটার্নিং কর্মকর্তা ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আনুষ্ঠানিকভাবে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন বৈধ প্রার্থী ও মনোনয়ন বাতিল প্রার্থীদের নামের তালিকা ঘোষণা করা হয়।

চুয়াডাঙ্গায় দুটি আসনে মোট ২০জন প্রার্থী মনোনয়নপত্র জমা প্রদান করে । প্রার্থীদের ভিতরে মোট তেরো জন প্রার্থীর নির্বাচনী বৈধতা ঘোষণা করা হয় এবং সাতজন প্রার্থীর বাতিল করা হয়। চুয়াডাঙ্গা-১ আসনে মোট দশ জন প্রার্থীর ভিতরে সাত জনের প্রার্থীতা বৈধতা ঘোষণা করা হয় এবং তিনজনের মনোনয়ন বাতিল করা হয়।বৈধ সাতজন প্রার্থীদের মধ্যে রয়েছে চুয়াডাঙ্গা-১ আসনের বর্তমান সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দার ছেলুন তিনি এবারও বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী, স্বতন্ত্র প্রার্থী এম এ রাজ্জাক খান, স্বতন্ত্র প্রার্থী এম শহিদুর রহমান, স্বতন্ত্র প্রার্থী দিলীপ কুমার আগরওয়ালা,ন্যাশনাল পিপলস পার্টি (এনপিপি) মনোনীত প্রার্থী ইদ্রিস চৌধুরী, জাকের পার্টির মনোনীত প্রার্থী সালাম উদ্দিন, জাতীয় পার্টির মনোনীত প্রার্থী এ্যাডভোকেট সোহরাব হোসেন।চুয়াডাঙ্গা-১ আসনে মনোনয়ন বাতিল প্রার্থীদের মধ্যে রয়েছেন স্বতন্ত্র প্রার্থী চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভীন, স্বতন্ত্র প্রার্থী শেখ শামসুল আবেদিন খোকন, তৃণমূল বিএনপির মনোনীত প্রার্থী তাইজাল হক। চুয়াডাঙ্গা-১ আসনে মনোনয়ন বাতিল তিনজনের মধ্যে স্বতন্ত্র প্রার্থী আফরোজা পারভীনের মনোনয়ন বাতিল করার কারণ উল্লেখ করে চুয়াডাঙ্গা জেলা রিটার্নিং কর্মকর্তা বলেন, হলফনামায় চুয়াডাঙ্গা পৌরসভার চাকরির বিবরণ তিনি উল্লেখ করেন নাই এজন্য তার মনোনয়ন বাতিল করা হয়। স্বতন্ত্র প্রার্থী শেখ শামসুল আবেদীনের মনোনয়ন বাতিল করার কারণ উল্লেখ করে তিনি বলেন,

স্বতন্ত্র প্রার্থীদের নির্বাচনে অংশগ্রহণ করার জন্য মোট ভোটারদের ১% স্বাক্ষরিত তালিকার তথ্য সঠিক নাই এবং তৃণমূল বিএনপি’র মনোনীত প্রার্থী তাইজাল হকের আয়কর রিটার্ন দাখিল নাই এবং পৌরকর খেলাপি।

অন্যদিকে চুয়াডাঙ্গা -২ আসনের মোট ১০ জন মনোনয়ন জমা প্রার্থীদের মধ্যে ৬ জনের মনোনয়ন বৈধতা এবং চারজনের মনোনয়ন বাতিল করা হয়েছে। মনোনয়ন বৈধ প্রার্থীদের মধ্যে রয়েছেন চুয়াডাঙ্গা ২ আসনের বর্তমান সংসদ সদস্য হাজী আলী আজগার টগর তিনি এবারও বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী, জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) মনোনীত প্রার্থী দেওয়ান ইয়াছিন উল্লাহ, জাকের পার্টির মনোনীত প্রার্থী আব্দুল লতিফ খান, স্বতন্ত্র প্রার্থী আবু হাশেম রেজা, ন্যাশনাল পিপলস পার্টি (এনপিপি)মনোনীত প্রার্থী ইদ্রিস চৌধুরী,জাতীয় পার্টির মনোনীত প্রার্থী রবিউল ইসলাম। চুয়াডাঙ্গা-২ আসনের বাতিল করা মনোনয়ন প্রার্থীদের মধ্যে রয়েছেন স্বতন্ত্র প্রার্থী মির্জা শাহরিয়ার মাহমুদ, স্বতন্ত্র প্রার্থী নূর হাকিম,স্বতন্ত্র প্রার্থী আব্দুল মালেক মোল্লা , স্বতন্ত্র প্রার্থী নজরুল মল্লিক।

চুয়াডাঙ্গা-২ আসনে চারজন মনোনয়ন বাতিল প্রসঙ্গে চুয়াডাঙ্গা জেলা রিটার্নিং কর্মকর্তা ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, স্বতন্ত্র প্রার্থী মির্জা শাহরিয়ার মাহমুদের স্বতন্ত্র প্রার্থীদের নির্বাচনের অংশগ্রহণ করার জন্য মোট ভোটারদের ১% স্বাক্ষরিত তালিকা সঠিক তথ্য নাই, স্বতন্ত্র প্রার্থী নূর হাকিমের স্বতন্ত্র প্রার্থীদের নির্বাচনে অংশগ্রহণ করার জন্য মোট ভোটারদের ১% স্বাক্ষরিত তালিকার সঠিক তথ্য নাই, স্বতন্ত্র প্রার্থী আব্দুল মালেক মোল্লার বিদ্যুৎ বিল খেলাপি ও স্বতন্ত্র প্রার্থীদের নির্বাচনে অংশগ্রহণ করার জন্য মোট ভোটারদের ১% স্বাক্ষরিত তালিকা সঠিক তথ্য নেই, স্বতন্ত্র প্রার্থী নজরুল মল্লিকের ঋণ খেলাপি এবং স্বতন্ত্র প্রার্থীদের নির্বাচনে অংশগ্রহণ করার জন্য মোট ভোটারদের স্বাক্ষরিত তালিকা ১% তথ্য সঠিক নয়।

বৈধ ও বাতিল মনোনয়ন প্রার্থীদের নাম ঘোষণার পরবর্তীতে চুয়াডাঙ্গা জেলা রিটার্নিং কর্মকর্তা ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা জানান যাদের মনোনয়ন বিভিন্ন কারণে বাতিল করা হয়েছে তারা আগামী ৯ (ডিসেম্বর) পর্যন্ত নির্বাচন সচিব বরাবর আপিল করতে পারবে।